

# প্রতিটি ভাষাই গুরুত্বপূর্ণ:

NYC পাবলিক স্কুলগুলোতে একটি নতুন ভাষা হিসেবে ইংরেজি শেখার জন্য একটি পারিবারিক নির্দেশিকা



আমাদের ইংরেজি ভাষার শিক্ষার্থীদের, বিশেষ করে যারা ইংরেজি ভাষা শেখার প্রাথমিক পর্যায়ে রয়েছে, তাদের আরও ভালোভাবে সহায়তা করার জন্য NYC পাবলিক স্কুলগুলি K-5 গ্রেডে একটি নতুন English Language Development (ইংরেজি ভাষার বিকাশ – ELD) পাঠ্যক্রম চালু করেছে।

এটি NYC Reads (NYC রিডস)-এর অসাধারণ কাজের ওপর ভিত্তি করে গড়ে উঠেছে এবং এটি প্রতিটি শিশুকে ইংরেজি পড়া, লেখা, বলা ও বোঝার ক্ষেত্রে আত্মবিশ্বাসী হতে সাহায্য করার প্রতি আমাদের অঙ্গীকারকে প্রতিফলিত করে – পাশাপাশি তাদের মাতৃভাষা ও সংস্কৃতির প্রতিও গুরুত্ব প্রদান করে। এটি স্বতন্ত্র নতুন ভাষা হিসেবে ইংরেজি (ENL) নির্দেশনার জন্য একটি সুসংহত পাঠ্যক্রম প্রবর্তন করে। এটি ইংরেজি ভাষার সম্পর্কে শেখার জন্য একটি বহুভাষিক শিক্ষার্থীদের জন্য একটি নির্ধারিত ও সুরক্ষিত সময়, যা তারা অন্যান্য ক্লাসে যা শিখছে তার সঙ্গে সংগতি রেখে তাদের ভাষাগত দক্ষতা দ্রুত উন্নত করার জন্য পরিকল্পিত।

## স্বতন্ত্র ENL কী?

বিজ্ঞান বা গণিতের মতো ক্লাসে আপনার সন্তান ইংরেজিতে শেখে। স্বতন্ত্র ENL-এ, আপনার সন্তান ইংরেজি ভাষা শেখার জন্য একজন সার্টিফাইড শিক্ষকের সাথে নির্দিষ্ট সময় পায়।

এটি কোনো "অতিরিক্ত সহায়তা" বা হোমওয়ার্কের সময় নয়। এটি আপনার সন্তানের শিক্ষার একটি মূল ও সুসংহত অংশ, যা ব্যাকরণ, শব্দভাণ্ডার এবং বাক্য গঠন সহ একাডেমিক ইংরেজিতে তাদের আত্মবিশ্বাস ও দক্ষতা গড়ে তোলার জন্য ডিজাইন করা হয়েছে।



Division of Inclusive  
& Accessible Learning

nycps\_dial

## এটি আপনার সন্তানকে কীভাবে সহায়তা করবে?

এর প্রধান উদ্দেশ্য হলো নিম্নলিখিত ক্ষেত্রে আপনার সন্তানকে সহায়তা করার জন্য স্পষ্ট ও সুসংগঠিত নির্দেশনা প্রদান করা:

শোনা

শিক্ষাগত ও সামাজিক পরিবেশে কথ্য ইংরেজি বুঝতে পারবে।

বলা

স্পষ্টভাবে ধারণা প্রকাশ করতে, আলোচনায় অংশ নিতে এবং ইংরেজিতে তথ্য উপস্থাপন করতে পারবে।

পড়া

ইংরেজিতে গ্রেড-লেভেলের পাঠ্য বিষয়গুলো বোঝার এবং বিশ্লেষণ করার দক্ষতা তৈরি করবে।

লেখা

ইংরেজিতে স্পষ্ট ও সুসংহত বাক্য এবং অনুচ্ছেদ লিখতে শিখবে।

## বহুভাষিকতা কেন গুরুত্বপূর্ণ?

বহুভাষিকতা একটি সুপারপাওয়ার। যেসব শিশুরা একের অধিক ভাষায় কথা বলে বড় হয়, তাদের অনন্য কিছু শক্তি থাকে:

- তারা প্রায়শই আরও ভালো সমস্যা সমাধানকারী এবং নমনীয় চিন্তাভাবনার অধিকারী হন।
- তারা আরও বেশি মানুষ এবং সংস্কৃতির সঙ্গে সংযোগ স্থাপন করতে পারে।
- ভবিষ্যৎ কর্মজীবন এবং বৈশ্বিক সুযোগের ক্ষেত্রে তারা বাড়তি সুবিধা পায়।

এই পাইলট প্রোগ্রামের উদ্দেশ্য আপনার সন্তানের মাতৃভাষাকে প্রতিস্থাপন করা নয়। এর পরিবর্তে, এই পাইলট প্রোগ্রামটি ইংরেজি ভাষা শিক্ষার মান উন্নত করার জন্য ডিজাইন করা হয়েছে, যা আপনার সন্তানকে তার ইংরেজি ভাষার দক্ষতা এবং সাফল্যের দক্ষতা জোরদার করতে সাহায্য করবে।

## স্বতন্ত্র ENL দেখতে কেমন হয়?

একটি উচ্চ-মানের ENL ক্লাস সক্রিয়, চ্যালেঞ্জিং এবং সহায়ক হয়। আপনি এমন একটি ক্লাসরুম দেখতে পাবেন যেখানে রয়েছে:

### প্রচুর কথোপকথন ও দলগত কাজ।

শিক্ষার্থীদের একে অপরের সাথে কথা বলার শব্দে ক্লাসরুমটি মুখরিত! আপনার সন্তান শুধু একা একা ওয়ার্কশিট করার পরিবর্তে, সুসংগঠিত আলোচনা, বিতর্ক এবং দলগত প্রকল্পের মাধ্যমে সক্রিয়ভাবে ইংরেজি ভাষা ব্যবহার করবে।

### চ্যালেঞ্জিং এবং উচ্চ- মানের কাজ।

আপনার সন্তান সফল হওয়ার জন্য প্রয়োজনীয় সমর্থন সহ নিউ ইয়র্ক স্টেটের শেখার মানদণ্ড পূরণ করে এমন চ্যালেঞ্জিং, গ্রেড-স্তরের কাজ সম্পন্ন করবে।

### তাদের অন্যান্য বিষয়ের সাথে সংযোগ।

এই ক্লাসটি আপনার সন্তান তার অন্যান্য ক্লাসগুলোতে যা শিখছে, সেই বিষয়গুলোর উপর ভিত্তি করে তৈরি করা হবে। সে সাঙ্করতা, বিজ্ঞান এবং সমাজবিদ্যার জন্য প্রয়োজনীয় সুনির্দিষ্ট শব্দভাণ্ডার, ব্যাকরণ এবং বাক্য গঠন শিখবে।

### আপনার মাতৃভাষাকে একটি হাতিয়ার হিসেবে ব্যবহার করা।

এই প্রোগ্রামটি আপনার সন্তানের মাতৃভাষাকে শেখার জন্য একটি শক্তিশালী হাতিয়ার হিসেবে বিবেচনা করে। শিক্ষকরা আপনার সন্তানের দক্ষতা বৃদ্ধির জন্য তার মাতৃভাষা এবং ইংরেজির মধ্যে সংযোগ স্থাপন করতে সাহায্য করবেন।

## আপনার সন্তানের স্কুলকে জিজ্ঞাসা করার জন্য কিছু প্রশ্ন

আমার সন্তানের স্বতন্ত্র ENL  
ক্লাসটি তার অন্যান্য ক্লাসের থেকে  
কীভাবে আলাদা?

শিক্ষক কীভাবে ENL ক্লাসরুমে  
আমার সন্তানের মাতৃভাষাকে তাঁর  
শক্তি হিসেবে ব্যবহার করেন?

এই প্রোগ্রামের লক্ষ্য এবং আমার  
সন্তানের অগ্রগতি সম্পর্কে আপনারা  
আমাকে কীভাবে অবহিত রাখবেন?

## আপনি যে ভাষাতেই কথা বলুন না কেন - বাড়িতে আপনি কীভাবে সাহায্য করতে পারেন?

আপনার মাতৃভাষা গুরুত্বপূর্ণ! নিজের মাতৃভাষায় কথা বলা, পড়া এবং শেখার মাধ্যমে শক্তিশালী ভাষাগত দক্ষতা তৈরি হয়, যা আপনার সন্তানকে আরও দ্রুত ও ভালোভাবে ইংরেজি শিখতে সাহায্য করে।

এখানে কয়েকটি সহজ উপায় দেওয়া হলো যা আপনি করতে পারেন:

- আপনার মাতৃভাষায় পড়ুন এবং কথা বলুন – এটি শব্দভান্ডার তৈরি করে এবং সামগ্রিক সাফল্যতাকে শক্তিশালী করে।
- আপনার সন্তানকে যে কোনো ভাষায় সে যা পড়ছে তা ব্যাখ্যা করতে বলুন – কারণ বোঝাপড়াটাই সবার আগে প্রয়োজন।
- শব্দভাণ্ডার তৈরি করুন – ইংরেজি এবং আপনার মাতৃভাষায় নতুন শব্দ নিয়ে আলোচনা করুন।
- আপনার পরিবারের গল্প ও অভিজ্ঞতাগুলো ভাগ করে নিন – এটি শিশুদের স্কুলের শিক্ষাকে তাদের নিজেদের জীবনের সাথে সংযুক্ত করতে সাহায্য করে।
- পড়াকে একটি অভ্যাসে পরিণত করুন – দিনে 20 মিনিট চেষ্টা করুন, আপনার সন্তান একা পড়ুক, তা আপনার সাথে পড়ুক বা তার ছোট ভাইবোনকে পড়ে শোনাক না কেন।
- আপনার স্কুলে নিয়মিত ব্যবহৃত পড়ার অ্যাপ্লিকেশনগুলোর সঙ্গে পরিচিত হন, যার মধ্যে SORA-এর মতো অনলাইন সংস্থানও অন্তর্ভুক্ত রয়েছে। সংস্থান বা পাঠ্যক্রম কীভাবে ব্যবহার করতে হয় তা শেখার জন্য আপনার যদি আরও সহায়তার প্রয়োজন হয়, তাহলে সাহায্য চাইতে দ্বিধা বোধ করবেন না।
- আপনার সন্তানের বার্ষিক ELL মিটিংয়ে অংশগ্রহণ করুন, যাতে আপনি তার শেখার পরিকল্পনা এবং সারা বছরের অগ্রগতি সম্পর্কে আরও জানতে পারেন এবং এ বিষয়ে আপনার মতামত জানাতে পারেন।

## আরও সহায়তা প্রয়োজন?

NYCPS-এর ফ্যামিলি সাইটে ([www.schools.nyc.gov/ELD-curriculum](http://www.schools.nyc.gov/ELD-curriculum)) যান অথবা আপনার স্কুলের ENL (নতুন ভাষা হিসেবে ইংরেজি) শিক্ষক বা অভিভাবক সমন্বয়কের সাথে কথা বলতে পারেন।

আসুন, আপনার সন্তানকে একজন আত্মবিশ্বাসী বহুভাষী শিক্ষার্থী হিসেবে গড়ে তুলতে আমরা একসাথে কাজ করি।